

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৭৫

8৬/ কিতাবুল আদব (ﷺ বাা كتاب الأدب عن رسول الله)

পরিচ্ছেদঃ একই পশুর উপর তিনজন আরোহন করা।

بَابُ مَا جَاءَ فِي رُكُوبِ ثَلاَثَةٍ عَلَى دَابَّةٍ

আরবী

حَدَّثَنَا عَبَّاسٌ الْعَنْبَرِيُّ بْنُ عَبْدِ الْعَظِيمِ، حَدَّثَنَا النَّضْرُ بْنُ مُحَمَّدٍ، هُوَ الْجُرَشِيُّ الْيَمَامِيُّ حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ، عَنْ إِيَاسِ بْنِ سَلَمَةَ، عَنْ أَبِيهِ، قَالَ لَقَدْ قُدْتُ نَبِيَّ اللَّهِ صلى الله عليه وسلم وَالْحَسَنَ وَالْحُسَيْنَ عَلَى بَغْلَتِهِ الشَّهْبَاءِ حَتَّى أَدْخَلْتُهُ حُجْرَةَ النَّبِيِّ صلى الله عليه وسلم هَذَا قُدَّامُهُ وَهَذَا خَلْفُهُ. وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ. قَالَ عَلِيه وسلم هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ.

বাংলা

২৭৭৫. আব্বাস ইবন আবদুল আযীয় আম্বারী (রহঃ) ইয়াস ইবন সালামা তার পিতা সালামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাসান ও হুসায়নসহ তাঁর একটি সাদা-কাল গাধায় আরোহী ছিলেন। তাঁদের একজন বসেছিলেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে অপরজন ছিলেন তাঁর পেছনে। আমি এটিকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হুজরায় টেনে নিয়ে এসেছিলাম।

হাসান, মুসলিম ৭/১৩০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৭৫ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ইবন আব্বাস এবং আবদুল্লাহ্ ইবন জা'ফর রাদিয়াল্লাহ্ আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ-গারীব।

English

Narrated Iyas bin Salamah:

from his father who said: "I guided Allah's Prophet (ﷺ) and Al-Hasan and Al-Husain, on his gray mule until I brought him to the apartment of the Prophet (ﷺ), this one was in front of him, and this one behind him."



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়াস ইবনু সালামাহ ইবনু আকওয়াহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন